2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC–302T/363

**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGHCC–302T

( উনিশ শতকের বাংলা কবিতা ও কথাসাহিত্য )

*পূর্ণমান: ৭০*

*উত্তীর্ণমান : ২৮*

*সময় : ৩ ঘণ্টা*

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

১। যে কোনো দশটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×১০=২০

(ক) বিহারীলাল চক্রবর্তীর লেখা দুটি কাব্যগ্রন্থের নাম লেখ।

(খ) মানকুমারী বসুর সঙ্গে মাইকেল মধুসূদন দত্তের কী সম্পর্ক ছিল? তাঁর লেখা যে কোনো একটি গীতিকাব্য বা আখ্যানকাব্যের নাম লেখ।

(গ) অক্ষয়কুমার বড়াল কার মন্ত্রশিষ্য ছিলেন? তাঁর লেখা একটি গীতিকাব্য গ্রন্থের নাম লেখ।

(ঘ) কবি দেবেন্দ্রনাথ সেনের জন্ম ও মৃত্যু সাল লেখ।

(ঙ) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে রাবণের রাজসভার যে বর্ণনা মধুসূদন দিয়েছেন তা নিজের ভাষায় সংক্ষেপে লেখ।

(চ) চিত্রাঙ্গদা কী বলে রাবণকে দোষারোপ করেছিলেন?

(ছ) 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গটির নাম কী? এই সর্গে কাদের কথোপকথন স্থান পেয়েছে?

(জ) প্রমীলা কে? 'মেঘনাদবধ কাব্য'-এর নবম সর্গে তার কী পরিণতি ঘটেছিল?

(ঝ) 'রজনী' উপন্যাসে লবঙ্গ কার সঙ্গে রজনীর বিয়ে দিতে চেয়েছিল? সেই পাত্রের পিতা কে?

(ঞ) 'রজনী' উপন্যাসের শেষ পরিচ্ছেদ অনুযায়ী শচীন্দ্র কলকাতার পরিবর্তে রজনীকে নিয়ে কোথায় বাস করছিলেন এবং কেন?

(ট) 'রজনী' উপন্যাসের শেষ তথা চতুর্থ খণ্ডে কার বা কাদের কথা বিবৃত হয়েছে? এই খণ্ডের পরিচ্ছেদ সংখ্যা কত?

(ঠ) গোপালের সঙ্গে বিয়ে বানচাল করতে রজনীকে কে সাহায্য করেছিল এবং কেন?

(ড) 'স্বর্ণলতা' উপন্যাসটির নাট্যরূপের নাম কী ছিল? সেই নাট্যরূপ কত খ্রিস্টাব্দে অভিনীত হয়?

(ঢ) শ্যামাকে বিধুভূষণ কাজ থেকে ছাড়িয়ে দিতে চাইলেও শ্যামা কেন কাজ ছেড়ে যেতে চায়নি?

(ণ) গদাধর কার নামে নালিশ করতে থানায় গিয়েছিল? তার পরিণতিতে কী ঘটেছিল?

(ত) স্বর্ণলতার পিতার নাম কী? তিনি স্বর্ণলতাকে তাঁর সম্পত্তির কত ভাগ দিতে চেয়ে উইল করতে চান?

(থ) 'অতিথি' গল্পের তারাপদ কার বাড়িতে আশ্রয় পেয়েছিল? তাঁর কন্যার নাম কী ছিল?

(দ) 'ক্ষুধিত পাষাণ' গল্পে উল্লিখিত প্রাসাদটি কে, কবে নির্মাণ করেছিলেন?

(ধ) "তফাত যাও, তফাত যাও। সব ঝুঁট হ্যায়, সব ঝুঁট হ্যায়।" মেহের আলির এই বক্তব্যের মানে কী?

(ন) "কিসের দেবতা! দেবতা কি ভক্তের একাগ্রচিত্তের সেবা প্রত্যাখ্যান করিতে পারে।" 'দুরাশা' গল্পের নবাবজাদী কেন এই মন্তব্য করেছে?

## SECTION—B

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

২। গীতিকবিতার প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলো লেখ। তোমার পঠিত 'উনিশ শতকের বাংলা গীতিকবিতা' গ্রন্থের যে কোনো দুটি কবিতা অবলম্বনে সেই বৈশিষ্ট্যসমূহের প্রয়োগ দেখাও।

৩। 'স্বাধীনতা সঙ্গীত' কবিতায় কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের স্বদেশপ্রীতির যে পরিচয় ফুটে উঠেছে তা কবিতাটি বিশ্লেষণ করে দেখাও।

৪। "গাইব মা বীররসে ভাসি মহাগীত।" 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে দেওয়া এই প্রতিশ্রুতি মাইকেল মধুসূদন দত্ত শেষ পর্যন্ত রক্ষা করতে পারেননি। কাব্যটির শেষ সর্গটির রস বিচার করে মন্তব্যটি প্রমাণ কর।

৫। 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গের নামকরণের সার্থকতা বিচার কর।

৬। 'রজনী' উপন্যাসের অমরনাথ চরিত্রটি বিশ্লেষণ করে চরিত্রটির ঔপন্যাসিক উপযোগিতা আলোচনা কর।

৭। "'রজনী'র আত্মকথনে সকলেই নিজের কথা বলেছে বটে, কিন্তু সবটা মিলিয়ে সকলে পরিস্ফুট হয়নি।" সমালোচকের এই মন্তব্য কতখানি যুক্তিযুক্ত সে বিষয়ে তোমার মতামত দাও।

৮। সমগ্র উপন্যাস জুড়ে যেমন স্বর্ণলতার উপস্থিতি নেই তেমনি উপন্যাসের সমস্ত প্রধান প্রধান ঘটনা ও চরিত্রকে নিয়ন্ত্রণের ক্ষমতাও তার নেই। তা সত্ত্বেও তার নামেই উপন্যাসের নামকরণ কতখানি যুক্তিযুক্ত তা 'স্বর্ণলতা' উপন্যাসটি আলোচনা করে দেখাও।

৯। 'স্বর্ণলতা' উপন্যাসের বৈশিষ্ট্য সম্বন্ধে সমালোচকের মন্তব্য—'গ্রাম-সমাজের ব্যাপকতর রূপাঙ্কনের প্রচেষ্টা' বিশ্লেষণ কর।

১০। "হায় ব্রাহ্মণ, তুমি তো তোমার এক অভ্যাসের পরিবর্তে আর-এক অভ্যাস লাভ করিয়াছ, আমি আমার এক যৌবন এক জীবনের পরিবর্তে আর-এক জীবন-যৌবন কোথায় ফিরিয়া পাইব!" নবাবপুত্রীর এই হাহাকারের মধ্যেই রয়েছে এই গল্পের ছোট গল্পসুলভ সিদ্ধি—আলোচনা কর।

১১। 'কলঙ্কিনী পতিতা রমণী' কী করে 'স্বর্ণময়ী দেবী প্রতিমা'র মতো উদ্ভাসিত হয়ে উঠল তা 'বিচারক' গল্পটি আলোচনা করে বুঝিয়ে দাও।

***